

## প্রজ্ঞাপন

তারিখ, ২২শে মাঘ, ১৪০৩ বাৎ/৩রা ফেব্রুয়ারী, ১৯৯৭ ইং।

এস,আর,ও নং ৩৫-আইন/৯৭।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার Private Sector Power Generation Policy of Bangladesh এর ব্যবস্থা অনুসারে, উক্ত Policy তে নির্ধারিত শর্ত, যদি থাকে, পূরণ সাপেক্ষে, দেশের সকল private power generation কোম্পানীতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়কে বাংলাদেশে তাঁহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.ltr.com.bd](http://www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ সাঈদত হুসাইন

সচিব।

## প্রজ্ঞাপন

তারিখ, ১২ই জ্যৈষ্ঠ, ১৪০৬ বাৎ/২৬শে মে, ১৯৯৯ ইং।

এস,আর,ও নং ১১৪-আইন/৯৯ —Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ওরা ফেব্রুয়ারী, ১৯৯৭ ইং মোতাবেক ২১শে মাঘ, ১৪০৩ বাৎ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং এস,আর,ও ৩৫-আইন/৯৭ এবং এস,আর,ও নং ৩৬-আইন/৯৭ রহিত করিয়া, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে দেশের সকল Private Power Generation—

- (১) কোম্পানী আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে পরবর্তী ১৫ (পনের) বৎসরের জন্য;
- (২) কোম্পানীতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাঁহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;
- (৩) কোম্পানী কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;
- (৪) কোম্পানী কর্তৃক প্রদেয় Royalties, Technical Know-how and Technical Assistance Fees এর উপর; এবং
- (৫) কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর।

উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

**Bangladesh Tax Update**  
[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
কাজী আলী আসগার  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

## প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ/০১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৮৮-আইন/আয়কর/২০০৯।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১২ই জ্যৈষ্ঠ, ১৪০৬বাং/২৬ মে, ১৯৯৯ইং ইং তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১১৪-আইন/৯৯ রহিত করিয়া, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত Policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে, দেশের যে সকল Private Power Generation কোম্পানীর বাণিজ্যিক উৎপাদন ৩০ জুন ২০১২ ইং তারিখের মধ্যে আরম্ভ হইবে, সে সকল Private Power Generation—

- (১) কোম্পানীর আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে পরবর্তী ১৫ (পনের) বৎসরের জন্য;
- (২) কোম্পানীতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;
- (৩) কোম্পানী কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;
- (৪) কোম্পানী কর্তৃক প্রদেয় Royalties, Technical Know-how and Technical Assistance Fees এর উপর; এবং
- (৫) কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর।

উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.ltr.com.bd](http://www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

পারসা বেগম

অতিরিক্ত সচিব পদাধিকারবলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২৩৫-আইন/আয়কর/২০১১।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৭ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৮-আইন/আয়কর/২০০৯ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় উল্লিখিত “৩০ জুন ২০১২” শব্দ ও সংখ্যাগুলির পরিবর্তে “৩০ জুন ২০১৩” শব্দ ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
আমিনুর রহমান  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)